| উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ছাতক, সুনামগঞ্জ | |
|---|---|
| ডকেট নং: | তারিখ: |
| ■ প্রশাসনিক কর্মকর্তা | ● জরুরী ব্যবস্থা নিন। |
| ■ উপ প্রশাসনিক কর্মকর্তা | ● জরুরী উপস্থাপন করুন। |
| ■ উপ সহকারি প্রশাসনিক কর্মকর্তা | ● পরীক্ষাপূর্বক উপস্থাপন করুন। |
| ■ [illegible] | ● বর্তমান অবস্থা অবহিত করুন। |
| ■ [illegible] সহকারি | ● [illegible] ব্যবস্থা নিন। |
| | ● [illegible] |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
সাধারণ শাখা
www.sunamganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০০০.০০০.০১৫.৪৬.০০১৮.২০.৫৫৮

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: বেকার যুবকদের সফল উদ্যোক্তা ও আত্মনির্ভরশীল করার লক্ষ্যে সরকারি ব্যয়ে আয়োজিত সম্পূর্ণ আবাসিক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।**

সূত্র: জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা এর ১৯/০৭/২০২৬ তারিখের স্মারক নং: ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.২৬৩.২৪.১৩১০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা কর্তৃক ০৪ (চার) সপ্তাহ মেয়াদি ০২টি প্রশিক্ষণ কোর্স এবং ০৬ মাস মেয়াদি ০৩টি ডিপ্লোমা কোর্স ভর্তির ০২ (দুটি) বিজ্ঞপ্তি এ সাথে প্রেরণ করা হলো। উক্ত ভর্তির ০২ (দুটি) বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানসমূহ (বিশেষ করে বেকার জনগোষ্ঠি ও ছাত্র ছাত্রী সংশ্লিষ্ট) এবং সকল অংশীজনের মাঝে ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি.pdf, সদয় দ্রষ্টব্য।

২৭-০৭-২০২৬
মোসাঃ মরিয়ম আক্তার
সহকারী কমিশনার
ফোন : ০২৯৯৬৬০০০১৩
ইমেইল : ac.generalsunamganj@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। উপজেলা নির্বাহী অফিসার(সকল).............সুনামগঞ্জ।
২। উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সুনামগঞ্জ।
৩। অধ্যক্ষ ------------------------------ (সকল), সরকারি/বেসরকারি/ডিগ্রী কলেজ, সুনামগঞ্জ।

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০০০.০০০.০১৫.৪৬.০০১৮.২০.৫৫৮/১ (১)

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

Scanned with CamScanner

ই-মেইলে প্রাপ্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
www.niyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.২৬৩.২৪- ১৩১০    তারিখ: ০৪ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ / ১৯ জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : বেকার যুবকদের সফল উদ্যোক্তা ও আত্মনির্ভরশীল করার লক্ষ্যে সরকারি ব্যয়ে আয়োজিত সম্পূর্ণ আবাসিক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত একটি প্রতিষ্ঠান। দেশের বেকার জনগোষ্ঠিকে কর্মমুখী প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানে সম্পৃক্ত করে সরকারের বেকারত্ব দূরীকরণ এজেন্ডা বাস্তবায়ন এবং দেশের অর্থনৈতিক উন্নয়ন অর্জন এর মূল লক্ষ্য। এ প্রেক্ষিতে আগামী ০৬ আগস্ট, ২০২৬ খ্রি. তারিখ হতে ০৪ (চার) সপ্তাহ মেয়াদি ০২টি প্রশিক্ষণ কোর্স (১) English Language & Business Communication এবং (২) Modern Agriculture and Entrepreneurship Development; ০৭ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখ হতে ০৬ মাস মেয়াদি ০৩টি ডিপ্লোমা কোর্স (১) Diploma in ICT (২) Diploma in Web Application and Web Development এবং (৩) Diploma in Tourism and Hospitality Management শুরু হতে যাচ্ছে। বর্ণিত কোর্সগুলোর প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, আবাসন, আপ্যায়ন খরচ এবং যাতায়াত ভাতা (নির্বাহী কাউন্সিল নির্ধারিত হারে) সরকারি ব্যয়ে বিধি মোতাবেক নির্বাহ করা হবে।

এমতাবস্থায়, বেকার যুব জনগোষ্ঠিকে সফল উদ্যোক্তা ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলা এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আয়োজিত কোর্সগুলোতে ভর্তির ০২ (দুটি) বিজ্ঞপ্তি আপনার দপ্তর ও দপ্তর সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানসমূহ (বিশেষ করে বেকার জনগোষ্ঠি ও ছাত্র ছাত্রী সংশ্লিষ্ট) এবং সকল অংশীজনের মাঝে ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণের মাধ্যমে সরকারের লক্ষ্য অর্জন এবং বেকারত্ব দূরীকরণের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে সহযোগিতা করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে (০২টি বিজ্ঞপ্তি)।

খোন্দকার আনোয়ার হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা।

জনাব জেলা প্রশাসক (সকল)
.............................................।

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.২৬৩.২৪-    তারিখ: ০৪ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ / ১৯ জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি/সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। রেজিস্ট্রার, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০২। যুগ্মসচিব (যুব অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০৪। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। অফিস কপি।

জান্নাতুল নাঈম
উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা)
(সিনিয়র সহকারী সচিব)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
প্রশিক্ষণ শাখা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.niyd.gov.bd

# প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় আগামী ০৭ আগস্ট, ২০২৬ তারিখ হতে নিম্নবর্ণিত ০৪ (চার) সপ্তাহ মেয়াদি ০২টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

| নং | কোর্সের নাম | মেয়াদ | আবেদন ফি | ভর্তি ফি (ভর্তির সময়) | জামানত ফি (ভর্তির সময়) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | English Language & Business Communication (33rd Batch) | ০৪ (চার) সপ্তাহ | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ৫০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/সমমান পাস |
| ০২ | Modern Agriculture and Entrepreneurship Development (04th Batch) | ০৪ (চার) সপ্তাহ | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ৫০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/সমমান পাস |

কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, আবাসন, আপ্যায়ন খরচ এবং যাতায়াত ভাতা (নির্বাহী কাউন্সিল নির্ধারিত হারে) সরকারি ব্যয়ে নির্বাহ করা হবে।

০২। ছকে উল্লিখিত শর্তানুযায়ী সমগ্র বাংলাদেশের ১৮ থেকে ৩২ বছর বয়সি আগ্রহী যুব ও যুবনারীদের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ০১ আগস্ট, ২০২৬ তারিখের মধ্যে https://admission.univadmin.info লিংকে প্রবেশ করে আবেদন ফি বাবদ ( ১০০/- + চার্জ) জমা পূর্বক আবেদন ফর্ম পূরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

অনলাইনে আবেদনের ফরম পূরণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস (সফট কপি):
(১) শিক্ষাগত যোগ্যতার সনদ;
(২) এনআইডি;
(৩) পাসপোর্ট সাইজের ছবি;

০৩। ইতঃপূর্বে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় যে সকল যুব/যুবনারী কোনো কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন নিরুৎসাহিত করা হচ্ছে। বর্তমানে যে সকল যুব ও যুবনারী বেকার কোন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত নয়/ ইতঃপূর্বে কোন প্রশিক্ষণ গ্রহণ করেননি ও প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক এরূপ নতুন প্রার্থীগণকে আবশ্যিকভাবে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৪। নির্বাচিত প্রার্থীদের তালিকা আগামী ০২ আগস্ট, ২০২৬ খ্রি. তারিখ রোজ রবিবার জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ওয়েবসাইট www.niyd.gov.bd এ প্রকাশ করা হবে।

০৫। উপর্যুক্ত বিষয়ে যে কোন ধরনের পরিবর্তন, পরিমার্জন, সংশোধন, সংযোজন ও বিয়োজন এর ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে বিবেচিত হবে।

আয়াতুল নাঈম
উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা)
(সিনিয়র সহকারী সচিব)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
প্রশিক্ষণ শাখা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.niyd.gov.bd

# ডিপ্লোমা কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় নিম্নবর্ণিত ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য সমগ্র বাংলাদেশের ১৮ থেকে ৩৫ বছর বয়সি যুব ও যুবনারীদের নিকট থেকে www.niyd.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে (https://admission.univadmin.info লিংকে) আবেদন আহবান করা হচ্ছে:

| ক্র. নং | কোর্সের নাম | মেয়াদ | আবেদন ফি | ভর্তি ফি (ভর্তির সময়) | জামানত ফি (ভর্তির সময়) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | Diploma in ICT | ০৬ মাস | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ২০০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/সমমান পাস |
| ০২ | Diploma in Web Application and Web Development | ০৬ মাস | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ২০০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/সমমান পাস |
| ০৩ | Diploma in Tourism and Hospitality Management | ০৬ মাস | ১০০/- + চার্জ (অফেরতযোগ্য) | ২০০০/- (অফেরতযোগ্য) | ১০০০/- (ফেরতযোগ্য) | নূন্যতম এইচ.এস.সি/সমমান পাস |

কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, আবাসন, আপ্যায়ন খরচ এবং যাতায়াত ভাতা (নির্বাহী কাউন্সিল নির্ধারিত হারে) সরকারি ব্যয়ে নির্বাহ করা হবে।

০১। শিক্ষাগত যোগ্যতা: নূন্যতম এইচ.এস.সি পাশ।

০২। ১ ও ২ নং ক্রমিকে বর্ণিত কোর্সে Computer Office Application এবং বেসিক কম্পিউটার বিষয়ে জ্ঞান থাকা আবশ্যক। সরকারি প্রতিষ্ঠান/কারিগরি শিক্ষা বোর্ড প্রদত্ত Computer Office Application ও বেসিক কম্পিউটার বিষয়ে সার্টিফিকেটধারীগণ অগ্রাধিকার পাবেন।

০৩। আবেদনের সময় পাসপোর্ট সাইজের ছবি, NID-র কপি শিক্ষাগত যোগ্যতা ও প্রযোজ্য ক্ষেত্রে বেসিক কম্পিউটার কোর্সের সনদপত্রের স্ক্যান কপি সংযুক্ত করতে হবে।

০৪। আবেদনের শেষ তারিখ ও সময়: ২২-০৮-২০২৬ তারিখ রাত ১২:০০ ঘটিকার মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

০৫। ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ : ২৫-০৮-২০২৬ এবং চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা ৩০-০৮-২০২৬ তারিখ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের www.niyd.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০৬। ভর্তি শুরুর সম্ভাব্য তারিখ : ০৭-০৯-২০২৬।

০৭। কোর্সে অংশগ্রহণের জন্য ১ ও ২ নং ক্রমিকের ক্ষেত্রে বেসিক কম্পিউটার কোর্স বিষয়ে এবং ৩ নং ক্রমিকের ক্ষেত্রে ইংরেজি ও বাংলাদেশের পর্যটন বিষয়ে ভর্তি পরীক্ষা নেয়া হবে।

০৮। ইতঃপূর্বে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট হতে যারা কোন কোর্স সম্পন্ন করেছেন, তাদের আবেদন দাখিলের প্রয়োজন নেই।

০৯। প্রশিক্ষণটি সম্পূর্ণরূপে আবাসিক এবং আবাসিকে অবস্থান বাধ্যতামূলক হওয়ায় কোর্স চলাকালীন একাডেমিক পরীক্ষা/নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত আবেদন বিবেচনাযোগ্য হবে না। এ কারণে অধ্যয়নরতদের আবেদন দাখিলের প্রয়োজন নেই।

১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ /ডিএ প্রদান করা হবে না।

১১। উপর্যুক্ত বিষয়ে যে কোন ধরণের পরিবর্তন, পরিমার্জন, সংশোধন, সংযোজন ও বিয়োজন এর ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে বিবেচিত হবে।

মায়াতুল নাইম
উপপরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা)
(সিনিয়র সহকারী সচিব)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

Scanned with CamScanner